দৈনিক ইত্তেফাক

তারিখ ২৯ MAY 2008
পৃষ্ঠা ১ কলাম ২

# এইচএসসি আলিম পরীক্ষা আজ শুরু

## ৯ বোর্ডে ৬ লাখ ২০ হাজার ২০ পরীক্ষার্থী অংশ নিচ্ছে

স্টাফ রিপোর্টার

দেশের নয়টি শিক্ষা বোর্ডের অধীনে ২০০৮ সালের এইচএসসি, আলিম ও এইচএসসি বিএম পরীক্ষা আজ বৃহস্পতিবার শুরু হচ্ছে। এবছর নয়টি শিক্ষাবোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা গতবারের চেয়ে বেড়েছে ৭৮ হাজার ৮৪২ জন। নয়টি শিক্ষা বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা এবার ৬ লাখ ২০ হাজার ২০ জন। শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এবার সাধারণ সাতটি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ২ হাজার ৭৯৬ জন। মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষার্থীর সংখ্যা ৬২ হাজার ৫০৫ জন। কারিগরী বোর্ডের অধীনস্থ এইচএসসি (বিএম) পরীক্ষার্থীর সংখ্যা ৫৪ হাজার ৭১৯ জন। সব বোর্ডে গতবারের চেয়ে এবার ৭৮ হাজার ৮শ ৪২ জন বেড়েছে। ২০০৭ সালের এই তিন পরীক্ষায় এ সংখ্যা ছিল ৫ লাখ ৪১ হাজার একশ ৭৮ জন। শতকরা হিসেবে মোট পরীক্ষার্থী বৃদ্ধির হার পৃঃ ২৪ক ৪

# এইচএসসি আলিম পরীক্ষা আজ শুরু

*প্রথম পৃষ্ঠার পর*

১৪ দশমিক ৫৭ ভাগ। এরমধ্যে সাধারণ সাতটি বোর্ডের শিক্ষার্থী বৃদ্ধির শতকরা হার ১৪ দশমিক ৫২ ভাগ, মাদ্রাসা বোর্ডে ১৯ দশমিক ২৪ ভাগ এবং কারিগরী বোর্ডে ১০ দশমিক ১০ ভাগ। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এইচএসসিতে বোর্ড অনুযায়ী সাত বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৫১ হাজার ২৪৭ জন, রাজশাহী বোর্ডে এক লাখ ৩৬ হাজার ৭৪৫ জন, কুমিল্লা বোর্ডে ৫০ হাজার ৭১৯ জন, যশোরে ৭০ হাজার ৮০৯ জন, চট্টগ্রামে ৪১ হাজার ৫১৫ জন, বরিশালে ৩২ হাজার ১৬৪ জন এবং সিলেট বোর্ডে ১৯ হাজার ৫৯৭ জন।

এইচএসসির মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্রের সংখ্যা দুই লাখ ৬৯ হাজার ২১৪ জন এবং ছাত্রী সংখ্যা দুই লাখ ৩৩ হাজার ৫৮২ জন। মাদ্রাসা বোর্ডে আলিমে ছাত্র সংখ্যা ৩৯ হাজার ৭৬১ জন এবং ছাত্রী সংখ্যা ২২ হাজার ৭৪৪ জন। এইচএসসি বিএমে মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র সংখ্যা ৩৪ হাজার ৭১০ জন এবং ছাত্রী সংখ্যা ২০ হাজার ৯ জন। মোট শিক্ষার্থীর মধ্যে ছাত্র সংখ্যা ৫৫ দশমিক ৪৩ ভাগ এবং ছাত্রী ৪৪ দশমিক ৫৭ ভাগ। এবার নয়টি বোর্ডে এই তিন পরীক্ষায় মোট কেন্দ্র সংখ্যা ১৮০০। এর মধ্যে এইচএসএসসির কেন্দ্র সংখ্যা এক হাজার ২৪টি, আলিমের কেন্দ্র সংখ্যা ৩৪৮টি এবং এইচএসসি বিএম পরীক্ষায় কেন্দ্র সংখ্যা ৪২৮টি।

মোট সাত হাজার ১২০টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এই পরীক্ষায় অংশ নিচ্ছে। এরমধ্যে এইচএসসি প্রতিষ্ঠানের সংখ্যা তিন হাজার ১৯৬টি, আলিমে দুই হাজার ৬৫৯টি এবং এইচএসসি বিএমে এক হাজার ২৬৫টি।

### ঢাকা বোর্ডের সংবাদ সম্মেলন

এবারের এইচএসসি পরীক্ষায় কোন শিক্ষার্থীকে বহিষ্কার দেখতে চান না ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মনিরুল ইসলাম। গতকাল (বুধবার) ঢাকা বোর্ডে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, এবার আমরা কোন শিক্ষার্থীকে বহিষ্কার হিসেবে দেখতে চাই না। পরীক্ষার কক্ষে যথা সম্ভব পরীক্ষার্থীর দেহ তল্লাশি না করে কেন্দ্রের গেটেই দেহ তল্লাশি করা হবে। দায়িত্ব পালনে অবহেলা করলে শিক্ষককে বহিষ্কার করা হবে। কেন্দ্র সচিবকে বাদ দেয়া হবে।

সংবাদ সম্মেলনে ঢাকা বোর্ড চেয়ারম্যান তাঁর বোর্ডে পরীক্ষার্থীদের ঝরে পড়ার কারণ ব্যাখ্যা করতে গিয়ে বলেন, নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া, মেয়েদের বিয়ে, বিদেশ গমন, আর্থিক অস্বচ্ছতা, ছাত্রদের উচ্ছৃঙ্খলতা, রাজনীতিতে সম্পৃক্ত হওয়া, মাদকাসক্ত হওয়া, হঠাৎ অসুস্থতা হওয়া, কোন পরিবারে হঠাৎ বিপর্যয়, নৈর্ব্যক্তিক প্রশ্ন না থাকায় পাঠ্যক্রমকে ভারী মনে করা, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ এবং ইংরেজী বিষয়ে দুর্বলতার কারণে ঝরে পড়েছে।

ঢাকা বোর্ডে এবার নিয়মিত পরীক্ষার্থীর মধ্যে ১৯ দশমিক ৩৪ জন ঝরে পড়েছে। এই বোর্ডে ২০০৬-০৭ সেশনে মোট ১ লাখ ৪৬ হাজার ৯১২ শিক্ষার্থী নিবন্ধন করলেও পরীক্ষা দিচ্ছে ১ লাখ ১৮ হাজার ৪৯৮ জন। ঢাকা বোর্ডের চেয়ারম্যান জানান, ঝরে পড়া শিক্ষার্থীর মধ্যে সবচেয়ে বেশী ৩ দশমিক ৮ ভাগ শিক্ষার্থী ঝরে পড়েছে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ার কারণে।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মোঃ আকবর হোসেন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ড. জয়নুল আবেদীনসহ অন্যান্য কর্মকর্তারা।

### ইশা ছাত্র আন্দোলনের দোয়া

ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের উদ্যোগে আই.সি.সি মিলনায়তনে গতকাল (বুধবার) আসন্ন এইচএসসি, আলিম, ফাজিল, কামিল পরীক্ষার্থীদের জন্য এক দোয়া অনুষ্ঠান সংগঠনের সেক্রেটারী জেনারেল মুহাম্মদ বরকত উল্লাহ লতিফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের মহাসচিব মাওলানা নুরুল হুদা ফয়েজী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আন্দোলনের প্রেসিডিয়াম সদস্য মাওলানা সৈয়দ মোসাদ্দেক বিল্লাহ আল-মাদানী।